

কম্পিউটারমেলায় উপচেপড়া ভিড় ॥ শিক্ষামূলক সফটওয়্যার ও সিডির প্রতি ছিল সবার আগ্রহ

বুয়েট রিপোর্টার ॥ বিনোদনহীন ঢাকার নাগরিক জীবনে আগারগাঁওস্থ বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত বিসিএস কম্পিউটার মেলা দারুণ প্রাণ সঞ্চার করেছে। তাই মঙ্গলবারের ছুটির দিনটিতে দর্শনার্থীদের উপচেপড়া ভিড় ছিল মেলা প্রাঙ্গণজুড়ে। সকালে ব্যাপক লোক সমাগমের পর বিকালে মেলা হয়ে ওঠে জনাকীর্ণ। সব মিলিয়ে প্রায় পঞ্চাশ হাজার লোকের আগমন ঘটে মঙ্গলবারের মেলায়। শেষ বিকালে মেলায় প্রবেশের জন্য অপেক্ষারত দর্শনার্থীদের লাইন কয়েক পাক ঘুরে ১ কিলোমিটারের বেশি দীর্ঘ হয়। অনেকেই তাই টিকিট কেটেও ফিরে গেছেন। আর ভিতরকার পরিবেশ তখন হয়ে ওঠে অস্বস্তিকর। অনেকেই মেলার স্টলগুলোর সামনেও পৌছতে পারেনি।

মঙ্গলবার মেলায় শিশু, মহিলা, ছাত্রীদের উপস্থিতি ছিল উল্লেখ করার মতো। আর তাদের আগ্রহ ছিল বিভিন্ন শিক্ষামূলক মাল্টিমিডিয়া সফটওয়্যার ও সিডির দিকে। ফরনিজ সফট মেলায় ত্রাসকৃত মূল্যে শিশু, আল কোরান, বাংলাদেশ বিশ্বকোষ, খোকার শিক্ষা ভ্রমণ, নামাজ শিক্ষা, শিক্ষামূলক সফটওয়্যার বিক্রি করছে 'কচিকঠ'। এছাড়া ছোটদের জন্য কম্পিউটার বিষয়ক বইয়ের প্রতি আগ্রহ ছিল চোখে পড়ার মতো। মেলায় দর্শনার্থীদের ইন্টারনেটের প্রতি বিশেষ আগ্রহ লক্ষ্য করা গেছে। মেলায় প্রশিকানেটের ব্রাডব্যান্ড সাইবার ক্যাফেতে বিনামূল্যে ইন্টারনেট

ব্যবহারের জন্য ছিল দীর্ঘ লাইন। 'বংশী মেইল' নামক বাংলা ই-মেইল সফটওয়্যারটিও দৃষ্টি কাড়ে দর্শনার্থীদের। মেলা উপলক্ষে ছাত্রদের জন্য এটি ২০০ টাকা এবং অন্যদের জন্য ৪০০ টাকায় বিক্রি করা হচ্ছে। 'আলপনা' নামক বাংলা ওয়ার্ড প্রসেসর সফটওয়্যার কীবোর্ডসহ বিক্রি করা হচ্ছে ৫০০ টাকায়। কম্পিউটার বিষয়ক প্রশিক্ষণ কেন্দ্রগুলোর মধ্যে আইটেক লিঃ মাত্র ৫০০ টাকায় দেড় মাস মেয়াদী হার্ডওয়্যার প্রশিক্ষণ কোর্স অফার করছে। জেনেটিক কম্পিউটার স্কুল কুপন পুরণের মাধ্যমে বিনামূল্যে স্বল্পমেয়াদী কোর্স করার সুযোগ দিচ্ছে। মেলায় হার্ডওয়্যারসামগ্রীর মধ্যে ফ্ল্যাট প্যানেল মনিটর, ইউপিএসের বিভিন্ন মডেল ছিল নতুন পণ্য। বিভিন্ন সাইজের স্যামসাং, এলজি ফ্ল্যাট প্যানেলে মনিটরের পাশে এ্যাপেলের ফ্ল্যাট প্যানেল মনিটর ছিল। এদিকে ডিএনএস গ্রুপ মেলায় তাদের টেলিমেডিসিন সার্ভিস নামক তথ্যপ্রযুক্তির সেবামূলক কর্মকাণ্ড প্রদর্শন করে। ডিএসএস যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, অস্ট্রেলিয়া এবং ভারতের নির্ধারিত চিকিৎসা প্রতিষ্ঠানের টেলিমেডিসিন সেবা প্রদান করছে। এর মাধ্যমে দেশে বসেই রোগীরা তাদের চিকিৎসা উল্লিখিত দেশের নির্ধারিত প্রতিষ্ঠানের মাধ্যমে লাভ করবেন। বিকালে নির্ধারিত সময়ের প্রায় এক ঘণ্টা পরে নেটওয়ার্কিং বিষয়ক সেমিনারটি অনুষ্ঠিত হয়।